

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩৫.১৯/১২১৬/৬

তারিখ: ১০/১১/২০১৯ খ্রি।

বিষয়: কারণ দর্শানো।

সূত্র: দুর্নীতি দমন কমিশনের পত্র স্মারক নং-০০.০১.০০০০.৫০৩.২৬.৪২২.১৮-৩২৯২৬, তারিখ: ১৭-১০-২০১৮খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার দৌলতপুর উপজেলাধীন দৌলতপুর (দিবা-নৈশ) কলেজ এর শিক্ষক-কর্মচারী নিয়োগে অনিয়ম-দুর্নীতির তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য দুর্নীতি দমন কমিশন, ঢাকা, বাংলাদেশ বরাবর আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে দুর্নীতি দমন কমিশন, ঢাকা, বাংলাদেশ বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মাউশি, ঢাকা কে সূত্রোক্ত পত্র প্রেরণ করেন।

বর্ণিত অভিযোগগুলো সরেজমিনে তদন্তপূর্বক তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, আনীত অভিযোগগুলোর মধ্যে অধিকাংশ অভিযোগের বিষয়ে মামলা থাকায় তদন্ত কর্মকর্তা কোন মতামত প্রদান করেননি। কিছু অভিযোগ প্রমাণিত হয়নি। তবে পত্রিকায় ফাইন্যান্স বিষয়ে নিয়োগ বিজ্ঞপ্তি থাকা সত্ত্বেও হিসাববিজ্ঞান বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিধারী জনাব মো: আবুল কালাম আজাদকে(ইনডেক্স নং-৪০০১০৯) ফাইন্যান্স বিষয়ের প্রভাষক হিসেবে নিয়োগ দেয়া হয়। পরবর্তীতে পুনরায় তাকে কোন প্রকার নিয়োগ বিজ্ঞপ্তি বা নিয়োগ/বাছাই কমিটি গঠন ব্যতিত শুধুমাত্র একটি রেজুলেশনের মাধ্যমে তাঁকে প্রভাষক(হিসাববিজ্ঞান) পদে আত্মীকরণ করা হয়। যা জনবল কাঠামো মোতাবেক বিধি সম্মত হয়নি।

এমতাবস্থায়, সহকারী অধ্যাপক(হিসাববিজ্ঞান) এর নিয়োগ যথাযথ না হওয়ায় জনবল কাঠামো-২০১৮ এর ১৮.১(গ) ধারা মোতাবেক কেন আপনার বেতনভাতা স্থগিত করা হবে না তার কারণ পত্র প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০/১১/২০.১১.১৭
(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: ncollege@dshe.gov.bd

জনাব মো: আবুল কালাম আজাদ

সহকারী অধ্যাপক(হিসাববিজ্ঞান)

দৌলতপুর (দিবা-নৈশ) কলেজ, দৌলতপুর, খুলনা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, দৌলতপুর (দিবা-নৈশ) কলেজ, দৌলতপুর, খুলনা।
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ৪। অধ্যক্ষ, দৌলতপুর (দিবা-নৈশ) কলেজ, দৌলতপুর, খুলনা।
- ৫। উপজেলা মাধ্যমিক অফিসার, দৌলতপুর, খুলনা।
- ৬। সংরক্ষণ নথি।